দৈনিক বাংলা

তারিখ ৫/২/৮২
পৃষ্ঠা ... কলাম ...

০৪০



দিনাজপুরের রানী শংকৈল থানায় তীরনই নদী পুনর্খননের কাজ দ্রুত এগিয়ে চলছে —দৈনিক বাংলা

***স্বেচ্ছাশ্রমে হবিগঞ্জে ২ মাইল বাঁধ***

# দিনাজপুরে ৬ মাইল খাল খননের কাজ এগিয়ে চলেছে

(নিজস্ব প্রতিনিধি)

দিনাজপুর, ৩রা ফেব্রুয়ারী।— জেলার রানীশংকৈল থানার ধর্মগড় ইউনিয়নে ৬ মাইল দীর্ঘ তীরনই নদী পুনঃখননের কাজ স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

দিনাজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক জনাব ওসমান গনি সম্প্রতি তীরনই নদী পুনঃখননের কাজের উদ্বোধন করেন। স্থানীয় বিপুল সংখ্যক সর্বস্তরের মানুষ এই কাজে অংশ নিয়েছে। আগামী ১৭ই ফেব্রুয়ারী এই পুনঃখননের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

জানা যায়, তীরনই পুনঃখননের ফলে আরও এক হাজার একর জমি সেচের আওতায় আসবে। এর ফলে বছরে একই জমিতে তিনটি ফসল আবাদ করা যাবে এবং বছরে অতিরিক্ত প্রায় ৫০ হাজার মন ফসল

(৩-এর পৃঃ দ্রঃ)

## এগিয়ে চলেছে

(১-এর পৃঃ পর)

পাওয়া যাবে।

তৃতীয় পর্যায়ের খাল খনন কর্মসূচীর অধীনে দিনাজপুর জেলার সদর মহকুমার বীরগঞ্জ থানায় ছোট ঢেপা খাল, বিরল থানায় কামীপাড়া-বিলাইমারী [illegible] এবং কাহারোল থানায় ইটা [illegible] খাল পুনঃখননের কাজও সমাপ্তির [illegible] পথে। খনন কাজ শেষ হলে এই তিনটি খাল এলাকায় প্রায় ৫ হাজার ৬৫০ একর জমি আসবে সেচের আওতায়। বছরে অতিরিক্ত ১ লাখ ১৫ হাজার মন ফসল পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।